



## ইলেক্ট্রনিক ক্যাশ রেজিস্টার (ECR) ব্যবহার সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

পণ্য এবং সেবা বিক্রয়ের ক্ষেত্রে দেশের সকল সিটি কর্পোরেশন ও জেলা শহরে অবস্থিত নিম্নবর্ণিত বড় ও মাঝারী সেবা প্রদানকারী ও ব্যবসায়ী কর্তৃক বিক্রয় হিসাব সংরক্ষণ ও মুসক চালানপত্র ইস্যুর বেলায় ইলেক্ট্রনিক ক্যাশ রেজিস্টার (ELCTRONIC CASH REGISTER) অথবা POS (Point of Sales) ব্যবহার বাধ্যতামূলক করা হয়েছে।

- হোটেল;
- রেস্তোরাঁ ও ফাস্ট ফুড সপ;
- মিষ্টান্ন ভান্ডার;
- আসবাবপত্রের বিপণন কেন্দ্র;
- বিউটি পার্লার;
- কমিউনিটি সেন্টার;
- মেট্রোপলিটন এলাকার অভিজাত শপিং সেন্টার
- স্বর্ণকার ও রৌপ্যকার এবং স্বর্ণের ও রৌপ্যের দোকানদার এবং স্বর্ণ পাকাকারী।
- এর অন্তর্ভুক্ত সকল ব্যবসায়ী প্রতিষ্ঠান;
- ডিপার্টমেন্টাল স্টোর;
- জেনারেল স্টোর;
- অন্যান্য বড় ও মাঝারী ব্যবসায়ী (পাইকারী ও খুচরা) প্রতিষ্ঠান;

☆ সংশ্লিষ্ট আমদানিকারক অথবা ডিলার এর নিকট হতে ECR মেশিন অথবা POS Software ক্রয় বা সংগ্রহ করা যায়।

☆ নিম্নবর্ণিত বৈশিষ্ট্য সম্পন্ন যে কোন ব্র্যান্ডের ECR মেশিন অথবা POS Software ব্যবহার করা যেতে পারে :

(ক) মেশিনে অপরিবর্তনীয় Financial Memory কার্যক্ষম থাকতে হবে; (খ) মেশিনে বিক্রয়-তথ্য এন্ট্রি করার ব্যবস্থা থাকতে হবে; (গ) মেশিনে বিক্রয়-তথ্য এন্ট্রি করার পর কোন data পরিবর্তন করা অথবা মুছে ফেলা (Delete) যাবে না এমন নিরাপত্তামূলক ব্যবস্থা থাকতে হবে; (ঘ) মেশিনে একইসঙ্গে দুই প্রস্থে মুসক চালানপত্র বা রিপোর্ট মুদ্রণের ক্ষমতা থাকতে হবে; এবং (ঙ) POS Software ব্যবহারের ক্ষেত্রে Fiscal Printer ব্যবহার করতে হবে।

☆ প্রতিটি বিক্রয়ের ক্ষেত্রে ধারাবাহিক ক্রমিক সংখ্যায়ুক্ত দুই প্রস্থ চালানপত্র (মুসক-১১) প্রিন্ট দিতে হবে। এক প্রস্থ ক্রেতাকে প্রদান করতে হবে এবং অপর প্রস্থ চলমান শীটে রোল আকারে দোকানে সংরক্ষণ করতে হবে। চালানপত্রে নিম্নোক্ত তথ্যাদি উল্লেখ থাকতে হবে, যথাঃ-

- (১) করদাতার নাম, ঠিকানা ও মুসক নিবন্ধন নম্বর;
- (২) চালানপত্রের ক্রমিক সংখ্যা, ইস্যুর তারিখ ও সময়;
- (৩) বিক্রিত পণ্য/সেবার নাম, পরিমাণ, মূল্য ও মুসকের পরিমাণ; এবং (৪) মেশিনের ক্রমিক সংখ্যা।

☆ ECR মেশিন অথবা POS Software ব্যবহারের বাধ্যবাধকতা থাকা সত্ত্বেও তা ব্যবহার না করা বা যথাযথভাবে ব্যবহার না করা মুসক আইনে শাস্তিমূলক অপরাধ।

☆ ECR সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কার্যালয়ের নিচের টেলিফোন নম্বরে যোগাযোগ করা যেতে পারে :

● ঢাকা (দক্ষিণ) কমিশনারেট - ৯৩৩৭২৪৫

● ঢাকা (উত্তর) কমিশনারেট - ৮৯৬৩১১৬

- রাজশাহী কমিশনারেট - ০৭২১-৮৬১১০৫
- খুলনা কমিশনারেট - ০৪১-৮৬১২১৬
- বৃহৎ করদাতা ইউনিট (LTU) - ৯৩৬২৯৬৩
- চট্টগ্রাম কমিশনারেট - ০৩১-৭২১৪৩২
- যশোর কমিশনারেট - ০৪২১-৬৮৪৩৫
- সিলেট কমিশনারেট - ০৮২১-৮১০০৮৩

ক্রেতা সাধারণের প্রতি অনুরোধ, যে সকল দোকানের বেত্রে ইলেক্ট্রনিক ক্যাশ রেজিস্টার ব্যবহার বাধ্যতামূলক, তাঁদের কাছ থেকে ECR এ মুদ্রিত চালান চেয়ে নিয়ে আপনার পরিশোধিত কর সরকারী কোষাগারে জমা নিশ্চিত করবন। উপরিলিখিত কোন ব্যবসায়ী ECR মেশিন ব্যবহার না করলে তা সংশ্লিষ্ট ভ্যাট কার্যালয়ে অবহিত করবন।

প্রচারে ঃ মূল্য সংযোজন কর অনুবিভাগ  
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

[www.nbr-bd.org](http://www.nbr-bd.org)